

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারী আবাসন পরিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.doga.gov.bd


স্মারক নং- ২৫.৪৩.০০০০.০০৪.২১.০০১.১৪-১১১

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২৫
১৪ আশ্বিন ১৪৩২

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মতিঝিল আইডিয়াল জোনে ই-শ্রেণির ০১, ০২, ০৩, ০৪, ০৫, ০৬, ০৭ ও ০৮ নং ভবন সংলগ্ন ১৬ টি আধা পাকা টিনশেড গ্যারেজ অবৈধভাবে/অনুমতি ব্যতিরেকে নির্মাণ করে যিনি/যারা ব্যবহার করছেন, আল হেলাল জোনে ই-শ্রেণির ১০, ১১, ১২, ১৩, ১৪ ও ১৫ নং ভবন সংলগ্ন ২০ টি আধা পাকা টিনশেড গ্যারেজ অবৈধভাবে/অনুমতি ব্যতিরেকে নির্মাণ করে যিনি/যারা ব্যবহার করছেন, ১৩ নং ভবনের পশ্চিম পাশে স্কুলঘর অবৈধভাবে/অনুমতি ব্যতিরেকে নির্মাণ করে যিনি/যারা পরিচালনা করছেন, আইডিয়াল জোনে ০৩ নং গেটের ভিতর আইডিয়াল ড্যাফোডিল এডুকেশন কেয়ার কোচিং অবৈধভাবে/অনুমতি ব্যতিরেকে যিনি/যারা পরিচালনা করছেন, ডি-শ্রেণির ৫২ নং ভবনের সামনে গ্যারেজ অবৈধভাবে/অনুমতি ব্যতিরেকে নির্মাণ করে যিনি ব্যবহার করছেন, ডি-শ্রেণির ৪০, ৪১, ৪২, ৪৩, ৪৪, ১১১ ও ১১২ নং ভবনের সামনে অবৈধভাবে টিন দিয়ে ঘেরা অংশ যিনি/যারা ব্যবহার করছেন আগামী ০৯/১০/২০২৫ তারিখের মধ্যে নিজ দায়িত্বে সে সকল অবৈধ স্থাপনা অপসারণ করার জন্য অনুরোধ করা হলো। অন্যথায় মতিঝিল সরকারি আবাসন এলাকার সুষ্ঠু পরিবেশ এবং সার্বিক নিরাপত্তা রক্ষার স্বার্থে সকল ধরনের অবৈধ স্থাপনা/গ্যারেজ/কোচিং সেন্টার/স্কুলঘর উচ্ছেদে মোবাইল কোর্ট পরিচালনা করা হবে এবং অবৈধ স্থাপনা উচ্ছেদ/অপসারণের ব্যয় অভিযুক্তের কাছ থেকে আদায় করা হবে।

নির্দেশক্রমে-



নাহিদ-উল-মোস্তাক
অতিরিক্ত পরিচালক (উপসচিব)
ফোন-০২৫৫১০০৭১১

স্মারক নং- ২৫.৪৩.০০০০.০০৪.২১.০০১.১৪-১১১

তারিখঃ ২৯ সেপ্টেম্বর ২০২৫
১৪ আশ্বিন ১৪৩২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। নির্বাহী প্রকৌশলী, মতিঝিল গণপূর্ত বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ বিভাগ-১/২, মতিঝিল, ঢাকা।
- ৫। অতিরিক্ত সচিব (পরিদর্শনা ও উন্নয়ন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। জনাব মোঃ মমিন হোসেন, সহকারী উপ পরিদর্শক, সরকারী আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। পরিচালকের ব্যক্তিগত সহকারী, সরকারী আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৮। সভাপতি (মসজিদ কমিটি)/পেশ ঈমাম, বায়তুল আমান জামে মসজিদ, আলহেলাল জোন, মতিঝিল (জুমা'র খুতবার আগে/পরে সুবিধাজনক সময়ে বিজ্ঞপ্তিটি উপস্থিত মুসল্লিদের সামনে পাঠ করার অনুরোধসহ)।
- ৯। অফিস কপি/গার্ড ফাইল।


নাহিদ-উল-মোস্তাক
অতিরিক্ত পরিচালক (উপসচিব)